# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

**জনসংযোগ শাখা, চট্টগ্রাম**

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


তারিখ: ২২.০২.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন না হওয়া দুর্ভাগ্যজনক: মেয়র ডা. শাহাদাত



বিজয়ের এত বছর পরও সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন না হওয়া দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উপলক্ষে শুক্রবার ১২ টা ১ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনারে (পাবলিক লাইব্রেরী সম্মুখে) পুষ্পস্তবক অর্পণ করেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। এসময় তার সাথে ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামসহ কর্মকর্তাবৃন্দ। এসময় তিনি বলেন, বিজয়ের এত বছর পরও সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন না হওয়া দুর্ভাগ্যজনক। বিভিন্ন দোকানগুলোতে দেখা যায়, বিভিন্ন শপিং সেন্টারগুলো দেখা যাচ্ছে ইংরেজি নামফলক। যেহেতু সিটি কর্পোরেশন ট্রেড লাইসেন্স দেয় সেহেতু এ সবগুলো বাংলা ভাষায় যাতে করা যায় এ ধরনের একটা উদ্যোগ আমরা সিটি কর্পোরেশন পক্ষ থেকে আমরা উদ্যো গ নিতে পারি।

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর মেলা রোববার

নগরবাসীর কর প্রদান সহজতর করতে দামপাড়াস্থ প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের নীচ তলায় কর মেলা-২০২৫ আয়োজন করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক)। মেলাটি সকাল ১০টা থেকে বিকাল ৩টা দাপ্তরিক প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হবে।এ মেলা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-০১ ও রাজস্ব সার্কেল-০৫-এর আওতাধীন এলাকাবাসীর জন্য নির্ধারিত হয়েছে। করদাতারা ট্রেড লাইসেন্স নবায়ন, হোল্ডিং কর পরিশোধসহ বিভিন্ন সেবার সুবিধা পাবেন। সার্কেল-০১ এর আওতাধীন ওয়ার্ডসমূহ ১নং দক্ষিণ পাহাড়তলী, ২নং জালালাবাদ, ৩নং পাঁচলাইশ, ৭নং পশ্চিম ষোলশহর, ৮নং শুলকবহর এবং রাজস্ব সার্কেল-০৫ এর আওতাধীন ওয়ার্ডসমূহ হল ১৪নং লালখান বাজার, ১৫নং বাগমনিরাম, ২১নং জামালখান, ২২নং এনায়েত বাজার, ২৩নং উত্তর পাঠানটুলী, ২৮নং পাঠানটুলী। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন এক বিবৃতিতে করদাতাদের যথাসময়ে কর মেলায় উপস্থিত থেকে নিজেদের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার আহ্বান জানিয়েছেন। মেলায় শতভাগ সারচার্জ ছাড়া হালনাগাদ হোল্ডিং কর পরিশোধ এবং ট্রেড লাইসেন্স নবায়ন করা যাবে, হোল্ডিংসমূহের অনিষ্পত্তি আপীলসমূহ নোটিশ প্রাপ্তি সাপেক্ষে সহনীয় পর্যায়ে হোল্ডিং কর চূড়ান্ত করা যাবে এবং হোল্ডিং কর/ফি পরিশোধের পদ্ধতি ও পরিশোধের সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের আয়োজন থাকবে।

## প্লাস্টিকের বদলে বীজ: চট্টগ্রামে বইবন্ধুর ব্যতিক্রমী উদ্যোগ

চট্টগ্রাম সিটি করপোরেশনের সহযোগিতায় বইবন্ধু সংগঠনের ব্যতিক্রমী উদ্যোগ "প্লাস্টিক দিন, বীজ নিন" কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার জামাল খান মোড় চত্বরে আয়োজিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম এবং প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী। সভাপতিত্ব করেন সাজিদা জেসমিন তুলি।

অনুষ্ঠানে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, "অপচনশীল প্লাস্টিক প্রকৃতির জন্য মারাত্মক ক্ষতিকর। এগুলো পানিতে পচে না, বরং পরিবেশ দূষণের কারণ হয়। তাই আমরা এগুলো যেখানে-সেখানে ফেলে দেব না, বরং পরিবেশ রক্ষার জন্য গাছ লাগাবো।"তিনি বইবন্ধুর এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, আজ প্লাস্টিকের পরিবর্তে গাছ ও বীজ বিতরণ করা হচ্ছে, যা সত্যিই প্রশংসনীয়। চট্টগ্রাম সিটি করপোরেশন ইতোমধ্যে বিভিন্ন এনজিওকে সহায়তা করেছে যারা প্লাস্টিকের বিনিময়ে চাল, ডাল, মাছ, মুরগি ইত্যাদি দিচ্ছে। ভবিষ্যতে আমরাও এ ধরনের প্রকল্প হাতে নেবো, যাতে এক কেজি প্লাস্টিকের বিনিময়ে এক কেজি চাল বা পাঁচ কেজি প্লাস্টিকের বিনিময়ে মাছ-মুরগি দেওয়া যায়। তিনি আরও বলেন, গাছ আমাদের প্রকৃতির বন্ধু। এটি বাতাস থেকে বিষাক্ত কার্বন ডাই অক্সাইড শোষণ করে এবং অক্সিজেন

উৎপন্ন করে, যা আমাদের বেঁচে থাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই যত বেশি গাছ লাগানো যাবে, তত বেশি পরিবেশ সুরক্ষিত হবে এবং জলবায়ুর ভারসাম্য রক্ষা পাবে।মেয়র তার বক্তব্যে বলেন, এই উদ্যোগ শুধু আজকের মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। এটি ধীরে ধীরে চট্টগ্রামের প্রতিটি ওয়ার্ডে ছড়িয়ে দিতে হবে। আজ জামাল খান থেকে যাত্রা শুরু হলো, এটি পুরো চট্টগ্রামে ছড়িয়ে দিতে হবে।"
তিনি সকল নাগরিককে একত্রিত হয়ে পরিবেশবান্ধব এ উদ্যোগে অংশ নেওয়ার আহ্বান জানান এবং বলেন,আমরা সবাই মিলে পরিচ্ছন্ন, সবুজ ও স্বাস্থ্যকর একটি চট্টগ্রাম গড়ে তুলব। এই যাত্রা আজ জামাল খান থেকে শুরু হলো এবং চলতে থাকবে।
বইবন্ধু সংগঠনের এই ব্যতিক্রমী উদ্যোগ চট্টগ্রামবাসীর মধ্যে ইতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। প্লাস্টিক বর্জ্য কমিয়ে পরিবেশ রক্ষায় জনসচেতনতা তৈরি করতে এমন উদ্যোগ আরও প্রসারিত করা উচিত বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

## পরিচ্ছন্ন চমেক গড়তে ২০০টি বর্জ্যের বিন স্থাপন

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে স্বেচ্ছাসেবী সংগঠন “ক্লিন বাংলাদেশ” এর উদ্যোগে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় হাসপাতালের প্রতিটি ওয়ার্ডে মোট ২০০টি বিন স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে ২২ ফেব্রুয়ারি, শনিবার প্রাথমিকভাবে ১০০টি বিন হস্তান্তর করা হয় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে।এই উদ্যোগের আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: জসিম উদ্দিন, অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ এবং বিগ্রেডিয়ার মো: তসলিম উদ্দিন, পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্লিন বাংলাদেশ-এর প্রতিষ্ঠাতা ও সভাপতি শওকত হোসেন জনি এবং প্রোগ্রাম পরিচালনায় ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক তানভীর রিসাত। এছাড়া, ক্লিন বাংলাদেশের উপদেষ্টা ডা. বেলায়েত হোসেন-ও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



প্রধান অতিথির বক্তব্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল দেশের অন্যতম ব্যস্ত হাসপাতাল। প্রতিদিন হাজারো রোগী ও তাদের স্বজনরা এখানে আসেন। সচেতনতা অভাবে হাসপাতালের পরিবেশ দূষিত হচ্ছে, যা রোগীদের জন্য স্বাস্থ্যঝুঁকি তৈরি করছে। ক্লিন বাংলাদেশের এই উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। আমরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে এ উদ্যোগকে সর্বাত্মক সহায়তা প্রদান করবো এবং নগরীর অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনাতেও এ ধরনের উদ্যোগ নেওয়ার পরিকল্পনা করছি।” ক্লিন বাংলাদেশের প্রতিষ্ঠাতা শওকত হোসেন জনি বলেন,“আমরা চাই, চট্টগ্রাম শুধু একটি শহর নয়, এটি পরিচ্ছন্নতার একটি আদর্শ মডেল হোক। হাসপাতালের পরিবেশ পরিষ্কার রাখা অত্যন্ত জরুরি, কারণ এটি সরাসরি রোগীদের সুস্থতার সঙ্গে সম্পর্কিত। আমাদের এই উদ্যোগের মাধ্যমে একটি পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত হাসপাতাল গড়ে তোলার লক্ষ্যে কাজ করছি। ভবিষ্যতে নগরীর অন্যান্য হাসপাতালেও এ ধরনের কার্যক্রম পরিচালনার পরিকল্পনা রয়েছে।” এতে আরও উপস্থিত ছিলেন ক্লিন বাংলাদেশ-এর লিডার ইমন, আলভী, তানজিপা, প্রমি, জাহিদ, সদস্য হিসেবে ছিলো সাকিব, নাজিফা, পায়েল, নুসরাত, মাইমুনা, আরিয়ানা, মারুফ, আয়েশা , পার্থ প্রমুখ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮